



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ৩০ ডিসেম্বর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

নববর্ষে ভয়ভীতি-মুক্ত নিরাপদ পরিবেশ গড়ার প্রত্যয়ে ও বর্ষবিদায় উপলক্ষে

### আগামীকাল ৩১ ডিসেম্বর প্রদীপ প্রজ্জ্বলন কর্মসূচি পালিত হবে

নববর্ষ ২০২৪ সালে পার্বত্য চট্টগ্রামসহ সারাদেশে ভয়ভীতি-মুক্ত নিরাপদ পরিবেশ গড়ার প্রত্যয়ে ও বর্ষ বিদায় উপলক্ষে আগামীকাল ৩১ ডিসেম্বর ২০২৩, রবিবার পার্বত্য চট্টগ্রামের বিভিন্ন জায়গায় এবং চট্টগ্রাম ও ঢাকায় একযোগে প্রদীপ প্রজ্জ্বলন কর্মসূচি গ্রহণ করেছে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)। কর্মসূচি সফল করতে 'বর্ষবিদায় ও বর্ষবরণ কমিটি' নামে একটি কমিটিও গঠন করা হয়েছে। গত ২০ ডিসেম্বর পানছড়িতে বিপুল চাকমাসহ চার শহীদের স্মরণসভা থেকে এই কর্মসূচি ঘোষণা করা হয়েছিল।

কর্মসূচি বিষয়ে ইউপিডিএফের বর্ষবিদায় ও বর্ষবরণ কমিটির পক্ষ থেকে আজ শনিবার (৩০ ডিসেম্বর) সংবাদ মাধ্যমে দেওয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, “শহীদ বিপুল-সুনীল-লিটন-রুহিনের স্মৃতি রবে চির অম্লান, সকল অন্যায়-অবিচার-নিপীড়ন দূর হয়ে যাক” শ্লোগানে আগামীকাল ৩১ ডিসেম্বর ২০২৩, রবিবার সন্ধ্যার সময় খাগড়াছড়ি জেলার পানছড়ি উপজেলার ধুকছড়া থেকে উপজেলার বিভিন্ন স্থানে; খাগড়াছড়ি জেলা শহর ও সদর উপজেলার বিভিন্ন স্থানে; দীঘিনালা, মহালছড়ি, গুইমারা, মাটিরাসা, রামগড়, মানিকছড়ি ও লক্ষ্মীছড়ি উপজেলার বিভিন্ন স্থানে; রাঙামাটি জেলার সদর উপজেলার কুদুকছড়িসহ বিভিন্ন স্থানে; কাউখালী, নান্যাচর, লংগদু ও বাঘাইছড়ি উপজেলার বিভিন্ন স্থানে এবং চট্টগ্রাম ও ঢাকায় একযোগে সাইরেন বাজিয়ে প্রদীপ প্রজ্জ্বলন কর্মসূচি অনুষ্ঠিত হবে। এতে বিভিন্ন সংগঠন, ব্যক্তি ও এলাকার জনগণ অংশগ্রহণ করবেন।

কমিটির পক্ষ থেকে এলাকার শিশু-কিশোর-কিশোরী, ছাত্র-যুবক-যুবতিসহ সর্বস্তরের সাধারণ জনগণকে নিজ নিজ উদ্যোগে মোমবাতি কিংবা সূতায় তৈরি প্রদীপ সহকারে উক্ত কর্মসূচিতে অংশগ্রহণের জন্য উদাত্ত আহ্বান জানানো হয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।